



ST. LAWRENCE HIGH SCHOOL



A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, BALLYGUNGE CIRCULAR ROAD, KOLKATA - 700019

CLASS - I

TERM - SECOND

SUBJECT - BENGALI WORKSHEET - 24

DATE - 11.12.2020

Topic – বোধ - পরীক্ষণ

নীচের অংশটি পড়ে উত্তর লেখো।

একদিন অনেক ইঁদুর মিলে একটা সভা ডাকল। সে সভায় জোর আলোচনা চলল বিড়ালকে নিয়ে। আলোচনার উদ্দেশ্য ছিল একটা উপায় বের করা যাতে আগে থাকতেই জানা যাবে কখন বিড়াল আসছে। অনেক আলোচনার পর সবচেয়ে বেশী পছন্দের রায় হল বিড়ালের গলায় একটা ঘন্টা বেঁধে দিতে হবে। তা হলেই সে যখন কাছাকাছি আসবে, তার চলার সাথে সাথে ঘন্টার টুং টাং আওয়াজটা পাওয়া যাবে। আর সেই আওয়াজ শুনে বিড়াল এসে পড়ার আগেই ইঁদুরেরা সেখান থেকে পালিয়ে যেতে পারবে। মুষ্কিল ঘটল যখন তারা ঠিক করতে বসল যে ঘন্টাটা বিড়ালের গলায় বাঁধবে কে। এই কাজটা করার জন্য শেষে আর কাউকেই পাওয়া গেল না।

১) অর্থ লেখো।

ক) মুষ্কিল -

২) বাক্য রচনা করো।

ক) আওয়াজ -

৩) শূন্যস্থান পূরণ করো।

ক) সে সভায় জোর _____ চলল বিড়ালকে নিয়ে।

খ) এই কাজটা করার জন্য _____ আর কাউকেই পাওয়া গেলনা।

৪) ঠিক বা ভুল লেখো।

ক) একদিন অনেক বিড়াল মিলে একটা সভা ডাকল।

খ) মুষ্কিল ঘটল যখন তারা ঠিক করতে বসল যে ঘন্টাটা বিড়ালের গলায় বাঁধবে কে।

৫) উত্তর লেখো।

ক) ইঁদুরদের আলোচনার উদ্দেশ্য কী ছিল?

উঃ-

খ) আলোচনার পর ইঁদুরদের সবচেয়ে পছন্দের রায় কী ছিল?

উঃ-